6th Semester
CC-14- গীতা.

Date- 13/07/2024
Boalia

## পঞ্চমহাভূতানি

শ্রীমদ্ভগবদ্গীতার সপ্তম অধ্যায় জ্ঞানবিজ্ঞানযোগে শ্রীকৃষ্ণ তাঁর উচ্চতর প্রকৃতি ও নিম্নতর প্রকৃতি - এই দুই প্রকার প্রকৃতির বিশদ বর্ণনা দিয়েছেন। এদের মধ্যে নিম্নতর প্রকৃতি আটভাগে বিভক্ত। এগুলি হল ভূমি, অপ, ~~জল~~ অনল, বায়ু ও খ - এই পাঁচটি মহাভূত এবং মন, বুদ্ধি, ~~অহ~~ অহঙ্কার। আর উচ্চতর প্রকৃতি হল জীবস্বরূপ বা জীবনের উপাদান। এই দুই প্রকার প্রকৃতি থেকেই সকল সত্তার উৎপত্তি হয়। (শ্লোক-7/4-6).

ভূমি, অপ, অনল, বায়ু ও খ (আকাশ) - এই পঞ্চ মহাভূতের সৃষ্টি প্রক্রিয়া হল এরকম - সদানন্দ যোগীন্দ্রের

03 Sunday

বেদান্তসারমতে তমঃপ্রধান বিক্ষেপশক্তিযুক্ত অজ্ঞান দ্বারা উপহিত চৈতন্য অর্থাৎ ঈশ্বর থেকে আকাশ, আকাশ থেকে বায়ু, বায়ু থেকে তেজঃ, তেজঃ থেকে জল ও জল থেকে পৃথিবী (ভূমি) উৎপন্ন হয়। যেমন তৈত্তিরীয় শ্রুতিতে (২/১/৩) কথিত হয়েছে - ".তস্মাদ্বা এতস্মাৎ আত্মন আকাশঃ সম্ভূতঃ" ইত্যাদি।

NOVEMBER 2013

অর্থাৎ "সেই এই আত্মা থেকে আকাশ উৎপন্ন হয়েছে" ইত্যাদি।

পাঁচটি মহাভূতের প্রত্যেকটিতে পাঁচটি তন্মাত্রা কম বেশী উপস্থিত থাকে। প্রাধান্য অনুসারে এদের নামকরণ হয়। ফলে, আকাশের গুণ শব্দ, বায়ুর গুণ শব্দ ও স্পর্শ, অগ্নির গুণ শব্দ, স্পর্শ ও রূপ (বর্ণ), জলের গুণ শব্দ, স্পর্শ, রূপ ও রস। পৃথিবীর গুণ হল শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ।

কারণের গুণ কার্যে অনুবৃত্ত হয়। ফলে আকাশ থেকে বায়ু উৎপন্ন হওয়ায় আকাশের মত বায়ুর গুণ শব্দ হয়। কেননা, 'পটপট শব্দঃ বায়ুঃ' এরকম ব্যবহার করা হয়। এভাবে অবশিষ্ট ভূতেও পূর্ব পূর্ব ভূতগুলোর গুণ অনুবৃত্ত হয়। তবে একটি করে গুণ এদের বিশেষ পরিচয় দান করে। যেমন আকাশের প্রধান গুণ শব্দ, বায়ুর প্রধান গুণ স্পর্শ, অগ্নির রূপ, জলের রস, পৃথিবীর গন্ধ।

মানবদেহ পঞ্চভূতের সমন্বয়ে গঠিত হয়। মৃত্যুর পর এই পাঁচটি উপাদান ধীরে ধীরে বিচ্ছিন্ন হয়ে প্রকৃতিতে বিলীন হয়ে যায়।

—x—

CEMBER 2013
T W T F S S
31 1
3 4 5 6 7 8
10 11 12 13 14 15
17 18 19 20 21 22
24 25 26 27 28 29